


প্রকাশ : ২ ডিসেম্বর, ২০১৭ ১৪:০৯
আপডেট : ২ ডিসেম্বর, ২০১৭ ১৫:৪৮

অনলাইন
ভার্সন

Share
প্রিন্ট করুন 

আনিসুল হকের মরদেহ বাসায়

অনলাইন ডেস্ক



ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হকের মরদেহ রাজধানীর বনানীর বাসায় আনা হয়েছে। শনিবার দুপুর ১টা ২০ মিনিটে মরদেহ বহনকারী অ্যাম্বুলেন্স বনানীর ২৩ নম্বর সড়কের ৮০ নম্বর বাসায় এসে পৌঁছায়।

সকাল থেকেই মেয়রের বাসায় ভিড় করে আছেন আত্মীয়-স্বজন ও শুভানুধ্যায়ীরা। বাসার ভেতরে

আপন আত্মীয়রা এবং বাকিরা বাসার বাইরে অবস্থান করছেন। বাসার গেটে রাখা শোকবইয়ে স্বাক্ষর করছেন সর্বস্তরের মানুষ।

প্রথমেই আত্মীয়-স্বজনদের তার মরদেহ দেখার সুযোগ দেওয়া হবে। এরপর বিকেল ৩টায় আর্মি স্টেডিয়ামে আনিসুল হককে শেষ শ্রদ্ধা জানাবেন সাধারণ মানুষসহ সর্বস্তরের বিশিষ্ট নাগরিকেরা। শ্রদ্ধা অর্পণ শেষে সেখানেই বাদ আসর নামাজে জানাজার পর বনানী কবরস্থানে তাকে সমাহিত করা হবে।

গত বৃহস্পতিবার রাতে যুক্তরাজ্যের লন্ডনের ওয়েলিংটন হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় বাংলাদেশ সময় রাত ১০টা ২৩ মিনিটে কৃত্রিম শ্বাস-প্রশ্বাস যন্ত্র খুলে নিয়ে চিকিৎসকেরা তাকে মৃত ঘোষণা করেন।

বিডি-প্রতিদিন/ আব্দুল্লাহ সিফাত তাফসীর

[Share](#)